



পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iau.exam@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং-ইআবি/পনি/ফা.অ/পরীক্ষা সংক্রান্ত-২/১২৬/২০২৫/ ১১৮

তারিখ: ১৭-০৩-২০২৫ খ্রি.

পরীক্ষক নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফাজিল স্নাতক (অনার্স) ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২৩ এর উত্তরপত্র মূল্যায়নের জন্য দক্ষ ও অভিজ্ঞ ১ম পরীক্ষক ও ২য় পরীক্ষক নিয়োগ করা হবে।

ক্রম.	পরীক্ষার নাম	বিভাগ	পরীক্ষকের ধরণ
১	ফাজিল স্নাতক (অনার্স) ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২৩	আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ আল-হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ আরবি ভাষা ও সাহিত্য ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	১ম পরীক্ষক ও ২য় পরীক্ষক

সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানে অভিজ্ঞ আত্মী শিক্ষকগণ আগামী ১০-০৪-২০২৫ খ্রি. থেকে ২৪-০৪-২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.iau.edu.bd) পরীক্ষক ম্যানুতে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে আবেদন ফরম পূরণ করে সাবমিট (Submit) করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

পরীক্ষক আবেদনের নিয়মাবলীঃ

- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.iau.edu.bd) এ প্রবেশ করে পরীক্ষক ম্যানুতে ক্লিক করবেন।
- প্রয়োজনীয় তথ্য, ই-মেইল ও নতুন পাসওয়ার্ড দিয়ে সাইনআপ করবেন।
- সাইনআপকৃত ই-মেইল ও পাসওয়ার্ড দিয়ে লগইন করবেন।
- প্রয়োজনীয় তথ্য দিয়ে প্রোফাইল Page আপডেট করবেন।
- ফাজিল (স্নাতক) অনার্স পরীক্ষক ফর্মে Examiner Type Subject Code Select করে Save বাটনে ক্লিক করে Save করুন।
- Save হওয়ার পর Reference Number সংরক্ষণ করুন।
- আবেদনটি পেডিং আকারে থাকবে পরবর্তীতে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ মাদরাসার ইআইএন (EIIN) ও পাসওয়ার্ড (Password) দিয়ে লগইন করলে পরীক্ষকদের আবেদনকৃত তালিকা দেখতে পাবে। ডান পাশে View বাটনে ক্লিক করে আবেদনটি বিস্তারিত তথ্যসমূহ দেখবেন। নিচে Verify বাটনের ক্লিকের মাধ্যমে আবেদনটি চূড়ান্ত Submit হবে।

আবেদনকারীদের শর্তাবলী :

- সংশ্লিষ্ট ফাজিল স্নাতক (অনার্স) মাদরাসার শিক্ষকগণ পরীক্ষক হওয়ার জন্য আবেদন করতে পারবেন।
- ফাজিল স্নাতক (অনার্স) ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২৩ এর জন্য একজন পরীক্ষক যে কোনো ১ টি বিষয় কোডে ১ম পরীক্ষক/২য় পরীক্ষক হিসেবে আবেদন করতে পারবেন।
- ইনডেপেন্ডেন্ট এবং নির্দিষ্ট বিষয়ে পাঠদানকারী শিক্ষকগণ নির্দিষ্ট বিষয়ে পরীক্ষক হিসেবে আবেদন করতে পারবেন। ফাজিল স্নাতক (অনার্স) এর জন্য নিয়োগপ্রাপ্ত অস্থায়ী শিক্ষকগণ পরীক্ষকের জন্য আবেদন করতে পারবেন।
- পদবী, চাকুরীর বয়স ও যোগ্যতা অনুযায়ী ১ম ও ২য় পরীক্ষক হিসেবে আবেদন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
- সাময়িক বরখাস্তকৃত শিক্ষক, পরীক্ষা সংক্রান্ত কাজ থেকে অব্যাহতি, অবসরপ্রাপ্ত, ফৌজদারী মামলা/দন্ডপ্রাপ্ত শিক্ষকগণ আবেদন করতে পারবেন না।
- সংশ্লিষ্ট ফাজিল স্নাতক (অনার্স) মাদরাসা অধ্যক্ষের মাধ্যমে (www.iau.edu.bd) এ প্রবেশ করে পরীক্ষক মেনুতে গিয়ে আবেদনটি ভেরিফাই করতে হবে এবং পরীক্ষক ভুল তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ সম্পূর্ণ দায় বহন করবেন।
- অস্থায়ী ব্যাংক পিএলসি-এ ব্যক্তিগত হিসাব নম্বর থাকতে হবে।
- পরীক্ষক নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- যে কোন তথ্যের জন্য ফাজিল স্নাতক (অনার্স) শাখার মোবাইল নম্বর ০১৭৩৭-৮৪৬০২৯, ০১৬৮০-১৪৭৬১৩।
- যে কোন তথ্যের জন্য আইসিটি শাখার মোবাইল নম্বর ০১৮৬৯-৭৫১৪০০, ০১৭০৯৩৮৯০০৭।

বি. দ্র. একাধিক বিষয়ে আবেদন গ্রহণযোগ্য নয়। আবেদন ফরমে ভুল তথ্য প্রদান করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

মোহাম্মদ আলী
পরীক্ষা নিয়ন্ত্রক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

তারিখ: ১৭-০৩-২০২৫ খ্রি.

স্মারক নং-ইআবি/পনি/ফা.অ/পরীক্ষা সংক্রান্ত-২/১২৬/২০২৫/ ১১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- পরিচালক, অর্থ ও হিসাব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- অধ্যক্ষ, সংশ্লিষ্ট ফাজিল স্নাতক (অনার্স) মাদরাসা (অনার্স শিক্ষকগণকে সদয় অবগতির জন্য)।
- ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলরের মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- প্রো-ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস-চ্যান্সেলরের মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- অফিস নথি।

(এস.এফ.এম. আস্‌আদ আউয়াল)

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

ফাজিল স্নাতক (অনার্স) শাখা

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।